**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ২৬ সেপ্টেম্বর ২০১৬, ১১ আশ্বিন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলাদেশে রাজনীতির যথেষ্ট সুযোগ আছে : প্রধানমন্ত্রী

২। যুক্তরাষ্ট্র থেকে জরুরী ফাইল অনুমোদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩। চতুর্থ শ্রেণির ছাত্রের চিঠির উত্তর দিলেন প্রধানমন্ত্রী : সেতু নির্মাণের আশ্বাস

৪। নিউইয়র্কে 'ছোটদের শেখ হাসিনা' বইয়ের মোড়ক উন্মোচন

৫। অফিস সময় শেষে সচিবালয়ে অবস্থান নিষিদ্ধ
নিরাপত্তার স্বার্থে এ সিদ্ধান্ত : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। স্বল্পোন্নত দেশগুলোর লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর বিনিয়োগ প্রয়োজন : পররাষ্ট্রমন্ত্রী

৭। গুলশান হামলা নিয়ে আইএসের নতুন ভিডিও প্রকাশ গভীর ষড়যন্ত্র : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। বঙ্গবন্ধুর খুনি নূর চৌধুরীকে ফিরিয়ে আনার সুযোগ আছে : আইনমন্ত্রী

৯। নদীর দূষণ বর্জ্যে আর রাজনীতির দূষণ সন্ত্রাসে : তথ্যমন্ত্রী

১০। যাত্রী ও সম্পদের ক্ষতিপূরণ দেওয়ার বিধান থাকছে : জাতীয় সংসদে বিল উপস্থাপন

১১। দুই মাস পর ব্রিটিশ কাউন্সিল খুলছে আজ

১২। সংসদ অধিবেশন শুরু : চলবে আগামী ১০ অক্টোবর পর্যন্ত

১৩। বিলুপ্ত ছিটমহলে ভোট ৩১ অক্টোবর

১৪। আফগানিস্তানের বিপক্ষে বাংলাদেশের শ্বাসরুদ্ধকর জয়

চলমান পাতা-

**১। বাংলাদেশে রাজনীতির যথেষ্ট সুযোগ আছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে রাজনীতির যথেষ্ট সুযোগ আছে এবং এ নিয়ে কোনো সন্দেহ নেই। ভয়েস অব আমেরিকাকে দেওয়া এক সাক্ষাতকারে তিনি বলেন, কারো কাছ থেকে আমরা কথা কেড়ে নিচ্ছি না। দশম জাতীয় সংসদ নির্বাচনে না এলেও সাম্প্রতিক স্থানীয় সরকার নির্বাচনে বিএনপির অংশগ্রহণের কথা মনে করিয়ে দিয়ে এই অভিযোগের ভিত্তি নিয়েও প্রশ্ন তুলেছেন তিনি। জাতিসংঘের সাধারণ অধিবেশনের শেষে যুক্তরাষ্ট্রে অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই সাক্ষাৎকারটি ভয়েস অব আামেরিকার বাংলা বিভাগের ওয়েবসাইটে অডিও আকারে প্রকাশ করা হয়েছে। গত ২৪ সেপ্টেম্বর শনিবার সেখানে বাংলাদেশের উন্নয়নে সরকারের নেওয়া বিভিন্ন উদ্যোগ ও সাফল্যের কথা তুলে ধরেছেন এবং জনগণকে সচেতন করে জঙ্গিবাদ দমনে সম্পৃক্ত করার কথা বলেছেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)। **ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। যুক্তরাষ্ট্র থেকে জরুরী ফাইল অনুমোদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২৪ সেপ্টেম্বর শনিবার যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া থেকে নয়টি জরুরী ফাইল অনুমোদন করেছেন। তিনি বর্তমানে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনে যোগদানের পাশাপাশি যুক্তরাষ্ট্র সফরের শেষ পর্যায়ে রয়েছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম জানান, প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্রে অবস্থান কালে প্রয়োজনীয় সব ফাইল তার কাছে পাঠাতে প্রধানমন্ত্রীর দফতরকে নির্দেশ দিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৩। চতুর্থ শ্রেণির ছাত্রের চিঠির উত্তর দিলেন প্রধানমন্ত্রী : সেতু নির্মাণের আশ্বাস**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চতুর্থ শ্রেণীর এক শিক্ষার্থীর চিঠির পরিপ্রেক্ষিতে পটুয়াখালী জেলার মির্জাগঞ্জের পায়রা নদীতে সেতু নির্মাণ করার আশ্বাস দিয়েছেন। পটুয়াখালী সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর ছাত্র শীর্ষেন্দু বিশ্বাস পায়রা নদীতে সেতু নির্মাণ করার অনুরোধ জানিয়ে গত ১৫ আগস্ট প্রধানমন্ত্রী বরাবর চিঠিটি পাঠায়। সেতু নির্মাণের আশ্বাস দিয়ে প্রধানমন্ত্রীর পাল্টা চিঠি শীর্ষেন্দুর স্কুলে পৌঁছায় গত ২০ সেপ্টেম্বর। শীর্ষেন্দুকে প্রধানমন্ত্রী তার চিঠিতে লিখেন, 'মির্জাগঞ্জের পায়রা নদীতে একটি সেতু নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তোমাকে আশ্বস্ত করছি'। প্রধানমন্ত্রী শেখ হাসিনার লেখা এই চিঠিটি আজ ২৬ সেপ্টেম্বর সোমবার আনুষ্ঠানিকভাবে শীর্ষেন্দু বিশ্বাসের হাতে তুলে দেবেন পটুয়াখালীর জেলা প্রশাসক একেএম শামিমুল হক ছিদ্দিকী। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

**৪। নিউইয়র্কে 'ছোটদের শেখ হাসিনা' বইয়ের মোড়ক উন্মোচন**

প্রধানমন্ত্রীর উপপ্রেস সচিব নজরুল ইসলাম রচিত 'ছোটদের শেখ হাসিনা' বইয়ের মোড়ক উন্মোচন করা হয়েছে নিউইয়র্কে। এ উপলক্ষে গত ২৪ সেপ্টেম্বর শনিবার রাতে জ্যাকসন হাইটসের 'খামার বাড়িতে' এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বঙ্গবন্ধু শিশু কিশোর মেলা যুক্তরাষ্ট্র শাখা আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শাখার সভাপতি ড. এম কামাল। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

**৫। অফিস সময় শেষে সচিবালয়ে অবস্থান নিষিদ্ধ**
**নিরাপত্তার স্বার্থে এ সিদ্ধান্ত : স্বরাষ্ট্রমন্ত্রী**

সচিবালয়ে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য ছাড়া অফিস সময়ের পর সচিবালয়ে কেউই অবস্থান নিতে পারবেন না বলে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। অফিস সময়ের পর মন্ত্রণালয় ও বিভাগের কোনও কর্মচারীও সচিবালয়ে অবস্থান করতে পারবেন না। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, নিরাপত্তার স্বার্থে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কিছু স্টাফ সচিবালয়ে রাত্রিযাপন করেন এবং অনভিপ্রেত কার্যক্রমে যাতে তারা জড়িয়ে না পড়েন সে জন্য আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে এ নির্দেশনা দেওয়া হয়েছে। তিনি বলেন, মন্ত্রী, সচিব বা জরুরি প্রয়োজনে সরকারি

কাজে যারা ব্যস্ত থাকবেন তাদের ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে না। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**৬। স্বল্পোন্নত দেশগুলোর লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর বিনিয়োগ প্রয়োজন : পররাষ্ট্রমন্ত্রী**

জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনের ৭১তম সভার সাইডলাইনে অনুষ্ঠিত স্বল্পোন্নত দেশগুলোর বার্ষিক মন্ত্রী পর্যায়ের সভা গত ২৪ সেপ্টেম্বর শনিবার জাতিসংঘের সদর দফতরে অনুষ্ঠিত হয়। সভায় স্বল্পোন্নত দেশগুলোর সভাপতি হিসেবে বাংলাদেশের ভূমিকার ভূয়সী প্রশংসা করা হয়েছে। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী সভায় সভাপতিত্ব করেন। সভাপতি হিসেবে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী স্বল্পোন্নত দেশগুলোকে তাদের উন্নয়ন প্রচেষ্টায় অধিকতর সহায়তা প্রদানের জন্য উন্নত দেশগুলোর প্রতি আহ্বান জানান। স্বাল্পোন্নত দেশসমূহের আন্তর্জাতিক পর্যায়ে গৃহীত বিভিন্ন উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের জন্য অবকাঠামো বিদ্যুৎ, কৃষি, তথ্য প্রযুক্তি এবং দক্ষতা বৃদ্ধিতে অধিকতর বিনিয়োগের প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

**৭। গুলশান হামলা নিয়ে আইএসের নতুন ভিডিও প্রকাশ গভীর ষড়যন্ত্র : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, গুলশানের হলি আর্টিজানে হামলা সংক্রান্ত আইএসের নামে নতুন ভিডিও বার্তা প্রকাশ ও প্রচার বাংলাদেশের বিরুদ্ধে একটি গভীর ষড়যন্ত্র ও চক্রান্ত। গুলশানের হলি আর্টিজানে হামলা সম্পর্কিত তথ্য ও প্রধানমন্ত্রীসহ বিভিন্ন রাজনৈতিক নেতাদের হুমকি দিয়ে সম্প্রতি একটি ভিডিও বার্তা ইউটিউবে প্রকাশ করা হয়েছে। ভিডিওবার্তা দানকারীরা নিজেদের আইএস বলে দাবি করেছেন বলে উল্লেখ করেন স্বরাষ্ট্রমন্ত্রী। গতকাল ২৫ সেপ্টেম্বর রোববার রাজধানীর উত্তরায় আঞ্চলিক পাসপোর্ট অফিসের নবনির্মিত ৬তলা ভবন উদ্বোধন শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

**৮। বঙ্গবন্ধুর খুনি নূর চৌধুরীকে ফিরিয়ে আনার সুযোগ আছে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, কানাডার সাংবিধানিক বাধা সত্ত্বেও বঙ্গবন্ধু হত্যায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত এএইচএমবি নূর চৌধুরীকে দেশে ফিরিয়ে আনার সুযোগ আছে। এ বিষয়ে দেশটির সরকারের সঙ্গে আলাপ-আলোচনা চলছে বলে জানান তিনি। গতকাল ২৫ সেপ্টেম্বর রোববার বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট মিলনায়তনে যুগ্ম জেলা জজ পদমর্যাদাসম্পন্ন বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য এক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯। নদীর দূষণ বর্জ্যে আর রাজনীতির দূষণ সন্ত্রাসে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বর্জ্যে দূষিত হয় নদী, আর রাজনীতিকে দূষিত করে সন্ত্রাস। 'বিশ্ব নদী দিবস-২০১৬' উপলক্ষে গতকাল ২৫ সেপ্টেম্বর রোববার জাতীয় জাদুঘরের গ্যালারিতে দেশের গণমাধ্যম কর্মীদের 'নদ-নদীর আলোকচিত্র' প্রদর্শনী উদ্বোধনকালে তথ্যমন্ত্রী এই মন্তব্য করেন। পাঁচ দিনব্যাপী আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করেছে নদী নিরাপত্তার সামাজিক সংগঠন 'নোঙর'। সূত্র-**যায়যায়দিন** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**১০। যাত্রী ও সম্পদের ক্ষতিপূরণ দেওয়ার বিধান থাকছে : জাতীয় সংসদে বিল উপস্থাপন**

ভ্রমণকারী যাত্রীদের বাধ্যতামূলক জীবন বীমা থাকতে হবে। এ ছাড়া কোনো দুর্ঘটনায় যাত্রী ছাড়া অপর কোনো ব্যক্তি বা সম্পদের ক্ষতি হলে তিন মাসের মধ্যে ক্ষতিপূরণের প্রদানের বিধান রেখে 'বাস র‍্যাপিড ট্রানজিট বিআরটি বিল-২০১৬' জাতীয় সংসদে উপস্থাপিত হয়েছে। স্পিকার ড. শিরীন শারমীন চৌধুরীর সভাপতিত্বে গতকাল ২৫ সেপ্টেম্বর রোববার বিলটি উপস্থাপন করেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। বিলটির সঙ্গে সরকারি অর্থ ব্যয়ের প্রশ্ন জড়িত থাকায় রাষ্ট্রপতির সুপারিশ গ্রহণ করা হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১১। দুই মাস পর ব্রিটিশ কাউন্সিল খুলছে আজ**

দীর্ঘ দুই মাস বন্ধ থাকার পর আজ ২৬ সেপ্টেম্বর সোমবার থেকে পুনরায় খুলছে বাংলাদেশ ব্রিটিশ কাউন্সিলের সকল অফিস। রাজধানীর গুলশানে জঙ্গি হামলার পর গত ২৭ জুলাই 'নিরাপত্তাজনিত কারণে' সংস্থার সব অফিস বাংলাদেশে সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়। তবে এই সময়ে সকল কার্যক্রম বিকল্পভাবে চালু রাখা হয়। গতকাল ২৫ সেপ্টেম্বর রোববার গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। বিজ্ঞপ্তিতে সংস্থাটি জানায়, এর মাধ্যমে সাধারণ মানুষের সঙ্গে ব্রিটিশ কাউন্সিলের যত কার্যক্রম ও পরিসেবা আছে তা পুনরায় শুরু হচ্ছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৮)।

**১২। সংসদ অধিবেশন শুরু : চলবে আগামী ১০ অক্টোবর পর্যন্ত**

শুরু হলো জাতীয় সংসদের দ্বাদশ অধিবেশন যা আগামী ১০ অক্টোবর পর্যন্ত চালানোর সিদ্ধান্ত হয়েছে। অধিবেশন শুরুর আগে অনুষ্ঠিত সংসদের কার্যোপদেষ্টা কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। সংসদ সচিবালয় সূত্রে এ তথ্য জানানে গেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**১৩। বিলুপ্ত ছিটমহলে ভোট ৩১ অক্টোবর**

প্রায় ছয় দশকের বন্দি জীবন থেকে বেরিয়ে আসা বিলুপ্ত ছিটমহলের বাসিন্দারা আগামী ৩১ অক্টোবর নিজেদের প্রতিনিধি বাছাইয়ে এবার ভোটাধিকার প্রয়োগ করতে যাচ্ছেন। বিলুপ্ত ছিটমহলগুলোর পাশ্ববর্তী যে সব ইউনিয়ন পরিষদে যুক্ত হয়েছে সেগুলোয় ভোট ৩১ অক্টোবর হবে বলে নির্বাচন কমিশনের উপসচিব ফরহাদ আহাম্মদ খান জানিয়েছেন। গতকাল ২৫ সেপ্টেম্বর রোববার তিনি বলেন, ঘোষিত তফসিল অনুযায়ী এসব এলাকায় মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ সময় ৬ অক্টোবর, যাচাই-বাছাই ৭ অক্টোবর, প্রত্যাহারের শেষ সময় ১৪ অক্টোবর। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে ভোট হবে ৩১ অক্টোবর। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.২)।

**১৪। আফগানিস্তানের বিপক্ষে বাংলাদেশের শ্বাসরুদ্ধকর জয়**

মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে গতকাল ২৫ সেপ্টেম্বর রোববার আফগানিস্তানের বিপক্ষে প্রথম ওয়ানডেতে জয় পেলো বাংলাদেশ। দুর্দান্ত বোলিং ফিল্ডিংয়ে আফগানদের হাতের মুঠো থেকে ম্যাচ কেড়ে নেয় বাংলাদেশ। অ্যাকশন শুধরে আন্তর্জাতিক ক্রিকেটে ফেরা তাসকিন আহমেদ ৪ উইকেট নিয়ে স্বাগতিকদের ৭ রানের অসাধারণ জয় এনে দেন। বাংলাদেশের ২৬৫ রানের জবাবে ২৫৮ রানে গুটিয়ে যায় সফরকারীদের ইনিংস। ম্যাচসেরা পুরস্কার নেন বাংলাদেশের সাকিব আল হাসান। সূত্র-**ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক, সংবাদ, জনকণ্ঠ, সমকাল, ভোরের কাগজ, নিউ নেশন, এশিয়ান এজ, ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ, জনকণ্ঠ :** ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ঝাড়ুদার ডাক্তার সেজে চিকিৎসা করায় রোগীর মৃত্যুর ঘটনা তুলে ধরে সরকারি-বেসরকারি সব হাসপাতালের অব্যবস্থাপনা দূর করে হাসপাতালের ব্যবস্থাপনাকে জবাবদিহিতার আওতায় আনার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** ঢাকার চারপাশের বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, তুরাগ ও বালু নদী আবর্জনা ও শিল্পকারখানার অপরিশোধিত বর্জ্যের দূষণে বিষাক্ত হয়ে পড়ায় ভবিষ্যতের নিরাপত্তায় এ নদীগুলো দখল ও দূষণমুক্ত করার ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো :** টঙ্গীর টাম্পাকো কর্তৃপক্ষকে নিহত ব্যক্তিদের পরিবার ও আহত ব্যক্তিদের ক্ষতিপূরণ ও পুনর্বাসনে বাধ্য করার আহ্বান।

ঘ. **সমকাল :** ঝিনাইদহের মহেশপুর ও কুড়িগ্রামের রৌমারীতে বাংলাদেশ-ভারত সীমান্তে বিএসএফের গুলিতে দুই বাংলাদেশি নিহত হওয়ার ঘটনা তুলে ধরে আসন্ন ৩০ সেপ্টেম্বর অনুষ্ঠিতব্য বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ের বৈঠকে বিজিবিকে এসব বিষয়ে জোরদার দাবি তোলার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের সংঘবদ্ধ সিন্ডিকেট অনলাইন পদ্ধতির মাধ্যমে এমপিওভুক্তিতে নানাবিধ জালিয়াতি ও দুর্নীতি করায় এসব অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে মন্ত্রণালয় ও শিক্ষা ভবনকে যথাযথ ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** ফসলে কীটনাশক ব্যবহারের বিষয়ে কৃষকদেরকে একটি নিবিড় সতর্কতামূলক প্রচারণার অধীনে এনে কীটনাশক ও বালাইনাশক ব্যবহারে সচেতন করার আহ্বান।

ছ. **ডেইলি সান :** ভুয়া মুক্তিযোদ্ধাদের সার্টিফিকেট বাতিল করে ঘটনায় জড়িতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

জ. **নিউ নেশন :** রাজধানীর যানজট ব্যবস্থা দেশের অর্থনীতিতে বিরূপ প্রভাব ফেলছে উল্লেখ করে যে কোনো উপায়ে এ সমস্যার সমাধান প্রত্যাশা।

ঝ. **নিউ এজ :** নিম্নমানের কাগজে পাঠ্যপুস্তক যেন মুদ্রণ না হয় সে ব্যাপারে সতর্ক পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে সরকারি ও বেসরকারি কলেজগুলোর মতো পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো কেন্দ্রীয়ভাবে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার ব্যবস্থা করলে ভর্তিইচ্ছুক শিক্ষার্থী ও অভিভাবকদের কষ্ট অনেক লাঘব হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'দক্ষিণাঞ্চলের জন্য সুন্দরবন কেন্দ্রিক পরিকল্পনা চাই'** শিরোনামের নিবন্ধে ড. এএইচএম রায়হান সরকার সুন্দরবনভিত্তিক উন্নয়নের রোডম্যাপ প্রণয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলো ও অধীনস্থ বিভাগগুলোর অন্তর্ভুক্তির পাশাপাশি দেশের প্রথিতযশা বিজ্ঞানীদের সম্পৃক্ত না করলে সুন্দরবনভিত্তিক উন্নয়নের রোডম্যাপ কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে ব্যর্থ হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা